গজো গজেন্দ্রঃ। অস্য পূর্ব্বজন্মনি সৎসঙ্গঃ উন্নেয়ঃ। উত্তরজন্মান্তে ভগবৎসঙ্গশ্চ। গৃধ্রো জটায়ুনামা খগঃ। অস্য শ্রীগরুড়দশরথাদিসঙ্গঃ শ্রীসীতাদর্শনং শ্রীভগবদ্দর্শনঞ্চ। গন্ধর্ব্বাদীং-স্বনতিপ্রসিদ্ধত্বেনানুদাহৃত্য মনুষ্যেষু বৈশ্যাদীনুদাহরতি। বণিকপথস্তুলাধারঃ। অস্য ভারতে জাজলিমুনিগন্ধর্ব্বপ্রসঙ্গে প্রোক্তমহিম্নঃ সৎসঙ্গেঽন্বেষণীয়ঃ। ব্যাধো ধর্ম্মব্যাধঃ। শূদ্রোঽন্ত্যজোঽপি। অত্রাদিবারাহে কথেয়ম—ক্বচিৎ প্রাচীনকলিযুগে বসুনাম্না বৈষ্ণবেন রাজ্ঞা প্রাগ্‌জন্মনি মৃগভ্রান্ত্যা নিহতো ব্রাহ্মণো ব্রহ্মরাক্ষসতাং প্রাপ্তস্তস্য রাজ্ঞঃ প্রাপঞ্চিকবিষ্ণুলোকগমনসময়ে তচ্ছরীরঃ প্রবিষ্টঃ। পুনশ্চ তস্য তদ্ভোগান্তে রাজতাং প্রাপ্তস্য দেহাৎ তৎকর্ত্তৃকব্রহ্মপারাখ্যস্তবপাঠতেজসা নির্গতস্তৎকৃতধর্ম্ম-ব্যাধ-সংজ্ঞঃ হিংসাতিশয়বিমুখঃ পর্য্যবসানে দৃষ্টনীলাদ্রিনাথঃ তঞ্চ স্তুতবান্ প্রাপ্তিতদালিঙ্গনস্তৎসাযুজ্য-মবাপেতি। কুব্জায়া ভগবৎসঙ্গঃ পুর্ব্বজন্মনি চ নারদসন ইতি মাথুরহরিবংশপ্রসিদ্ধম্। গোপ্যোঽত্র সাধারণ্যঃ শ্রীকৃষ্ণব্রজে তদানীং বিবাহাদিনা সমাগতাঃ। তাসা তন্নিত্য-প্রেয়সীবৃন্দসঙ্গঃ শ্রীকৃষ্ণদর্শনাদিরূপো – ভগবৎসঙ্গশ্চ। যজ্ঞপত্নীনাং শ্রীকৃষ্ণগুণকথকলোক-সঙ্গস্তৎসঙ্গশ্চ। অপরে দৈত্যেয়াদয়োঽন্যে চ। তেষাং সৎসঙ্গব্যতিরিক্তসাধনাভাবমাহ —তে নাধীতশ্রুতিগণা নোপাসিতমহত্তমাঃ। অব্রতাতপ্ততপসো মৎসঙ্গান্মা-মুপাগতাঃ॥ ২৪০ ॥

শ্রীকৃষ্ণ শ্রীউদ্ধবকে কহিলেন - হে উদ্ধব! সৎসঙ্গপ্রভাবে দিতিনন্দন দৈত্যগণ এবং তত্তুপলক্ষে অমর এবং দানবগণ, যাতুধান (রাক্ষস), তাহার দিগ্‌দর্শন ত্বাষ্ট্র—বৃত্র, মৃগ, খগ, গন্ধর্ব্ব, অপ্সরা, নাগ, সিদ্ধ, চারণ গুহ্যক, বিদ্যাধর, মনুষ্যের মধ্যে বৈশ্য, শূদ্র, স্ত্রী, অন্ত্যজ প্রভৃতি রাজস তামস স্বভাব অনেকে সেই সেই যুগে আমার পদলাভ করিয়াছে। বৃষপর্ব্বা বলি, বাণ, ময়, বিভীগণ, সুগ্রীব, হনুমান, ঋক্ষ (জাম্ববান), গজরাজ, গৃধ্র (জটায়ু), ব্যাধ (ধর্ম্মব্যাধ), কুব্জা, ব্রজে গোপীগণ, যজ্ঞস্থলে যজ্ঞপত্নীগণ, ইহারা সকলেই আমার চরণ লাভ করিয়াছে। তন্মধ্যে বৃত্রাসুরের পূর্ব্বজন্মে অর্থাৎ মহারাজ চিত্রকেতু জন্মে, শ্রীনারদ ও আঙ্গিরা ঋষির সঙ্গ ও পরে শ্রীসঙ্কর্ষণ-দেবের সঙ্গ—ইহা শ্রীমদ্ভাগবতে সুপ্রসিদ্ধই আছে (কায়াধ্ব কয়াধুপুত্র প্রহ্লাদ) ইঁহার জননীগর্ভে থাকাকালে শ্রীনারদের সঙ্গ “ত্বাষ্ট্রকায়াধবাদয়ঃ— এই এইস্থানে আদি শব্দ উল্লেখ থাকায় পূর্ব্বে উক্ত জাতিক্রমে অর্থাৎ ‘দৈত্যেয়যাতুধান খগ মৃগ প্রভৃতির মধ্যে কয়েকটির নাম গণনা করিতেছেন। তন্মধ্যে বৃষপর্ব্বা একটি দানব, এই দানবটি জন্মিবামাত্র মাতা কর্ত্তৃক পরিত্যক্ত এবং পরে মুনিগণকর্ত্তৃক প্রতিপালিত হইয়া শ্রীবিষ্ণুতে ভক্তি-পরায়ণ হন—পুরাণান্তরে এই কথা প্রসিদ্ধ আছে। বলিমহারাজের শ্রীপ্রহ্লাদ ও শ্রীবামনদেব সঙ্গ, যেহেতু এই দুইজনার সঙ্গের পরই তাঁহার ভক্তির ‘উদয় দেখা যায়। বাণমহারাজের বলি, মহাদেব ও ভগবৎসঙ্গ